# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**31 JANUARY 2025 7:45—7:55**

---

(১) অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের আগামীকাল লোকসভায় ২০২৬-২৭ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট উত্থাপন ।

(২) সংবিধানের ২১ নম্বর ধারার অধীনে ঋতুস্রাবজনিত পরিষ্কার-পরিচ্ছন্নতা জীবনের অধিকারের অবিচ্ছেদ্য অঙ্গ বলে সুপ্রীম কোর্টের রায় ।

(৩) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ সুপার ও উপ-মহাপরিদর্শক পর্যায়ের ভারতীয় পুলিশ সেবার আধিকারিকদের কেন্দ্রীয় সরকারের অধীনে পুলিশ মহা-পরিদর্শক হিসেবে নিযুক্তির জন্য ২ বছরের কেন্দ্রীয় অভিজ্ঞতা বাধ্যতামূলক ।

এবং

(৪) ৭৯ তম সন্তোষ ট্রফী জাতীয় ফুটবল প্রতিযোগীতায় আসামের কোয়ার্টার ফাইনালে প্রবেশ ।

---

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আগামীকাল লোকসভায় ২০২৬-২৭ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট উত্থাপন করবেন ।বাজেট উত্থাপন করার পর এর প্রতিলিপি রাজ্যসভায় দাখিল করা হবে । শ্রীমতী সীতারমণ নবম বারের জন্য বাজেট দাখিল করবেন ।সংসদে বাজেট ভাষণ সমাপ্ত হওয়ার পর বাজেট নথি মোবাইল এ্যপ এবং ওয়েবসাইটে পাওয়া যাবে ।বাজেট দাখিলের পর অর্থমন্ত্রী শ্রীমতী সীতারমণ দেশেরএ বিভিন্ন প্রান্তের প্রায় ৩০ জন শিক্ষার্থীর সঙ্গে মত বিনিময় করবেন ।
উল্লেখ্য বাজেট প্রস্তুতের পূর্বে কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রীমতী সীতারমণ অর্থনীতিবিদ , শিল্প প্রতিষ্ঠান , সুক্ষ্ম , ক্ষুদ্র ও মধ্যম শিল্প উদ্যোগ খন্ডের বিশেষজ্ঞ এবং প্রতিনিধি সহ

বিভিন্ন ক্ষেত্রের অংশীদারদের সঙ্গে প্রাক বাজেট পরামর্শ বৈঠকে মিলিত হয়ে তাঁদের মতামত গ্রহণ করেছেন। এবারের কেন্দ্রীয় বাজেটে এই পরামর্শের প্রতিফলন দেখা যাবে বলে আশা করা হচ্ছে ।

---

সুপ্রীম কোর্ট সংবিধানের ২১ নম্বর ধারার অধীনে ঋতুস্রাবজনিত পরিষ্কার-পরিচ্ছন্নতা জীবনের অধিকারের অবিচ্ছেদ্য অঙ্গ বলে রায় দিয়েছে । সর্ব্বোচ্চ আদালত গতকাল মেয়ে এবং মহিলাদের জন্য মর্যাদা ,স্বাস্থ্য ও সমতা সুনিশ্চিত করতে রাজ্য , কেন্দ্রীয় শাসিত অঞ্চল ও বিদ্যালয়সমূহকে নির্দেশ জারি করেছে । সুপ্রীম কোর্ট রাজ্য ও কেন্দ্রীয়শাসিত অঞ্চলের সব বিদ্যালয়ে মেয়েদের জন্য বিনামূল্যে মাটির সঙ্গে সহজে মিশে যায় এমন পরিবেশ অনুকূল স্যানিটারী ন্যাপকিন সরবরাহ করার নির্দেশ দিয়েছে । বিচারপতি জে বি পার্ডিওয়ালা ও  আর মহাদেবনকে নিয়ে গঠিত বিচারপীঠ একটি আবেদনের শুনানী গ্রহণ করে এই রায় দিয়েছে । আবেদনটিতে মেয়েদের জন্য বিদ্যালয়ে বিনামূল্যে  স্যানিটারী ন্যাপকিন এবং পরিষ্কার পরিচ্ছন্নতার পর্যাপ্ত সুবিধার ব্যাবস্থা করতে অনুরোধ জানানো হয়েছিলো । আদালত প্রতিটি বিদ্যালয়ে ছেলে ও মেয়েদের জন্য পৃথক শৌচালয়ের ব্যাবস্থা করার নির্দেশ দিয়েছে । সরকারী ও বেসরকারী সব শিক্ষা প্রতিষ্ঠানের জন্য এই রায় মেনে চলা অনিবার্য হবে বলে সর্ব্বোচ্চ আদালত স্পষ্ট করে দিয়েছে ।

---

স্বরাষ্ট্র মন্ত্রনালয় পুলিশ সুপার এবং পুলিশের উপ- মহাপরিদর্শক পর্যায়ের ভারতীয় পুলিশ সেবার আধিকারীকদের কেন্দ্রীয় সরকারের অধীনে পুলিশ মহাপরিদর্শক হিসেবে নিযুক্তির জন্য ২ বছরের কেন্দ্রীয় অভিজ্ঞতা বাধ্যতামূলক করেছে । স্বরাষ্ট্র মন্ত্রনালয় এ সম্পর্কে সব রাজ্যের মুখ্য সচিবদের কাছে পত্র প্রেরণ করেছে । মন্ত্রনালয় জানিয়েছে যে ভারতীয় পুলিশ সেবার ২০১১ সাল বা এর পরের ব্যাচের আধিকারীকদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে ।

---

কলাগুরু বিষ্ণুপ্রসাদ রাভার ১১৮ তম জন্ম বার্ষিকী উপলক্ষে আজ রাজ্যবাসী এই মহান শিল্পীকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে ।গীতিকার , সুরকার , চিত্রশিল্পী  তথা স্বাধীনতা সংগ্রামী বিষ্ণুপ্রসাদ রাভার জীবন আদর্শ আসামের জনসাধারণকে অনুপ্রাণিত করে আসছে । শিল্পীর স্মৃতিতে আজ তেজপুরে তাঁর সমাধিস্থলে এক বিশেষ শ্রদ্ধাঞ্জলি ও স্মৃতিচারণ সভা অনুষ্ঠিত হয়েছে ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই দিবস উপলক্ষে আজ কলাগুরুর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন যে বিষ্ণুপ্রসাদ রাভার বর্ণময় জীবন জনসাধারণকে সৃষ্টি এবং সমাজ চেতনামূলক বাণীর শিক্ষা দেয় ।রাজ্যের সমাজ ও সংস্কৃতির প্রতিটি দিক উজ্জ্বল করে যাওয়া এই মহান শিল্পীর অবদান প্রত্যেক প্রজন্মকে উদ্বুদ্ধ করে রাখবে বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------------------

ব্যাঙ্গালুরুতে কাজের সন্ধানে যাওয়া আসামের ৪ জন যুবকের মৃতদেহ আজ ভোরে একটি বন্ধ ঘর থেকে উদ্ধার হওয়ার ঘটনা সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গভীর উদ্বেগ প্রকাশ করেছেন । মুখ্যমন্ত্রী এই ঘটনার তদন্তের জন্য পুলিশকে নির্দেশ দেওয়া সহ ব্যাগালুরু পুলিশের সঙ্গে যোগাযোগ করে মরদেহ আসামে নিয়ে আসার জন্য ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানান । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা এই বিষয়ে কর্ণাটকের মুখ্যমন্ত্রীর সঙ্গেও আলোচনা করবেন বলে জানান । উল্লেখ্য আজ ভোরে ব্যাঙ্গালুরুর একটি বন্ধ ঘর থেকে ঢকুয়াখানার নীরেন্দ্র নাথ টাইড , ডেক্টর টাইড , ধনঞ্জয় টাইড এবং লক্ষিমপুরের জয়ন্ত চিন্তে নামের চারজনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

আসাম ৭৯ তম সন্তোষ ট্রফী জাতীয় ফুটবল প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে । গতকাল ঢকুয়াখানার বিষ্টুরাম দলে ক্রীড়া ক্ষেত্রে অনুষ্ঠিত গ্রুপ - এ ’র একটি খেলা আসাম এবং গতবারের চ্যাম্পিয়ন পশ্চিমবঙ্গের মধ্যে ১-১ গোলে ড্র হয় । এর ফলে আসাম ৫ টি খেলা থেকে মোট ৬ পয়েন্ট অর্জন করে কোয়ার্টার ফাইনালে স্থান নিশ্চিত করেছে । অন্যদিকে পশ্চিমবঙ্গ গ্রুপ-এ’র শীর্ষ স্থান দখল করে কোয়ার্টার ফাইনেল খেলার যোগ্যতা অর্জন করেছে ।

---------------------------------------------------------------------------------------------------

অষ্টম আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়নশিপের প্রথম রাউন্ডের ( সেমিফাইনাল ) ম্যাচে আজ ব্লাড মাউথ ক্লাব জয়ী হয়েছে । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত দ্বিতীয় দিনের খেলায় প্রতিপক্ষ বি সি এসকে ইনিংস ও ৫৭৭ রাণে পরাজিত করে তারা প্রতিযোগীতার ফাইনালে প্রবেশ করেছে ।

উল্লেখ্য ম্যাচের প্রথম দিন গতকাল ব্লাড মাউথ ক্লাব ৪ উইকেটে ৫৭০ রাণ করে দিনে খেলা শেষ করেছিলো । তাদের প্রথম ইনিংস ৮২ দশমিক ১ ওভারে ৭০৭ রাণে শেষ হয় । এদিকে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে বি সি এস ১৯ দশমিক ৫ ওভারে সব উইকেট হারিয়ে মাত্র ৭৫ রাণ সংগ্রহ করতে সক্ষম হয় ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য -সংস্কৃতি সম্মেলনের আজ দ্বিতীয় দিনে হাইলাকান্দির রবীন্দ্রভবন প্রেক্ষাগৃহে ভাষা-সংস্কৃতি বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয়েছে । প্রয়াত সন্তোষ কুমার রায়ের স্মৃতিতে # বাঙ্গালীর জাতিসত্তা , ভাষা ও সংস্কৃতি : বিকাশ ,সংকট ও সম্ভাবনা # শীর্ষক আলোচনা সভায় পৌরহিত্য করেন আসাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য তপোধীর ভট্টাচার্য । বরাক বঙ্গের প্রাক্তন সভাপতি নিতিশ ভট্টাচার্য , বার্তালিপি দৈনিক পত্রিকার সম্পাদক অরিজিৎ আদিত্য এবং পশ্চিমবঙ্গের বিশিষ্ট সাংবাদিক বাহার উদ্দিন আলোচনায় অংশ গ্রহণ করেন । বক্তারা বর্তমান সময়ে বাংলা ভাষার সম্মুখীন হওয়া বিভিন্ন সমস্যার কথা উল্লেখ করে ভাষা ও সংস্কৃতি বাঁচিয়ে রাখার জন্য সবাইকে একসঙ্গে এগিয়ে আসতে এবং নতুন প্রজন্মকে বাংলা ভাষার সঙ্গে জড়িয়ে রাখার আহ্বান জানান । বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য -সংস্কৃতি সম্মেলনের অভ্যর্থনা সমিতির সভাপতি ইন্দিরা ভট্টাচার্য আমাদের সংবাদদাতাকে জানান----বাইট

---

সারা আসাম কলেজ কর্মচারী এসোসিয়েশনের বরাক ভ্যালি ডিস্ট্রিক্ট কমিটির তিনদিনব্যাপী সুবর্ণ জয়ন্তী সমারোহ গতকাল থেকে শিলচর মহিলা কলেজে শুরু হয়েছে । গতকাল প্যান্ডাল উদ্বোধন ও সংস্থার কার্যকরী সভা অনুষ্ঠিত হয় । আজ দ্বিতীয় দিনে সংস্থার পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয় । পরে মহিলা কলেজের স্থায়ী শহীদ বেদীতে ১১ জন ভাষা শহীদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয় । এরপর প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে প্রথম পর্বের সূচনা করেন গুরুচরণ রাজ্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায় সহ অন্যান্য অতিথিবৃন্দ । এতে অধ্যাপক শ্রী রায় সহ বিশিস্ট ব্যাক্তিরা বক্তব্য রাখেন ।

---

সুধাকণ্ঠ ডঃ ভূপেন হাজারিকার জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগ এবং আইকিউএসি গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে গতকাল বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে ‘দি লাইফ এন্ড মিউজিক অব সুধাকণ্ঠ ভূপেন হাজারিকা : এ ক্লোজ লুক’শীর্ষক এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিল্পী ও সাংস্কৃতিক ব্যাক্তিত্ব মনীষা হাজারিকা । তিনি ভূপেন হাজারিকার জীবন , সঙ্গীতচর্চা , মানবতাবাদী দর্শন ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করেন ।সভায় বিশ্ববিদ্যালয়ের শৈক্ষিক নিবন্ধক ডঃ অভিজিৎ নাথ , বাণিজ্য বিভাগের বিভাগীয় প্রধান ডঃ সঞ্জীব ভট্টাচার্য , শিলচর টাইমসের প্রধান

সম্পাদিকা স্বর্ণালী চৌধুরী প্রমুখ অংশগ্রহণ করেন । অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক অর্জুন চৌধুরী ।

---------------------------------------------------------------------------------------

বদরপুর রেলষ্টশন থেকে বারইগ্রাম যাওয়ার পথে শ্রীগৌরী এলাকার ৩৭ নম্বর জাতীয় সড়কে আজ ভোরে এক মর্মান্তিক সড়ক দূর্ঘটনায় ২ জনের মৃত্যু হয়েছে । এই ঘটনায় ২০ জন যাত্রী গুরুতর আহত হয়েছেন । আজ ভোরে একটি যাত্রীবাহী ট্রেভেলার গাড়ির সঙ্গে একটি ডাম্পারের মুখোমুখি সংঘর্ষে এই দূর্ঘটনা সংঘঠিত হয় ।ট্রেভেলার গাড়িটিতে ২২ জন যাত্রী ছিলেন । তারা ট্রেনে হোজাই থেকে এসে বদরপুর ষ্টেশনে নেমে বারইগ্রাম রাধারমণ আশ্রমে একটি ধর্মীয় অনুষ্ঠানে যোগ দেওয়ার উদ্দেশ্যে রওয়ানা হয়েছিলেন । তাঁরা একটি কীর্ত্তন দলের সদস্য বলে আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন ।আহতদের শিলচর মেডিক্যাল কলেজ ও করিমগঞ্জ সিভিল হাসপাতালে ভর্তি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

সিনিয়র সিটিজেন ফোরাম লক্ষীপুরের উদ্যোগে গতকাল নহারোল সাহিত্য সংস্থা লক্ষীপুরের সভাকক্ষে জাতির জনক মহাত্মা গান্ধীর মৃত্যুবার্ষিকীতে এক শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানের আয়োজন করা হয় । সংস্থার সহ-সভাপতি এম.গৌরমণি সিংহের পৌরহিত্যে অনুষ্ঠানে মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয় । এরপর অনুষ্ঠিত সংস্থার কার্যকরী সমিতির এক সভায় লক্ষীপুর সমজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্মে সরকার গৃহীত পদক্ষেপ নিয়ে সন্তোষ ব্যাক্ত করা হয় । ঝর্ণা রায় চৌধুরী , এ নৃপেন্দ্র শর্মা ,রাজেন্দ্র সিংহ , আই বিনোদ সিংহ প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------